



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা ঢাকা।



...

সভাপতি	মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২১ মে ২০২৩
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকায়
স্থান	সম্মেলন কক্ষ (চতুর্থ তলা), জিএসবি
উপস্থিতি	পরিশিষ্ট-ক

আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর টিমের সকল সদস্যের সাথে মতবিনিময় পূর্বক সভার কার্যপরিধি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির কাজের অগ্রগতি নিয়ে আলোচনা শুরু হয়।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটির সভাপতি জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) ২০২২-২০২৩ অর্থ বছর থেকে এ পর্যন্ত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ৪র্থ ত্রৈমাসিক লক্ষ্যমাত্রার মধ্যে লক্ষ্যমাত্রা ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাকে অবহিত করা হয়েছে এবং কমিটি পুনর্গঠন করা হয়েছে। লক্ষ্যমাত্রা ১.২ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ১.৩ অনুযায়ী জিএসবির অপারেশন ও সমন্বয় শাখা ও পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার সাথে সভার আয়োজন করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। লক্ষ্যমাত্রার ১.৪ মোতাবেক জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি একত্রে হালনাগাদকরণ কাজ সম্পন্ন করার বিষয়ে উভয় কমিটি একমত পোষণ করে। লক্ষ্যমাত্রার ২.১ অনুযায়ী প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। লক্ষ্যমাত্রার ২.২ অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্ত:

- ১। লক্ষ্যমাত্রার ১.৩ অনুযায়ী জিএসবি'র নির্ধারিত শাখা সমূহের সাথে সভা অতি সত্ত্বর সম্পন্ন করতে হবে।
- ২। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিক সময়ের পরিকল্পিত কাজসমূহ যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৩। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজের প্রমাণক একত্রিত করে যথাসময়ে জমা প্রদান করতে হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৪০৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩০

২৩ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , অপারেশন ও সমন্বয় শাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক (রসায়ন)-২ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩, অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



শাহিদা আক্তার

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১